

প্রশ্ন ১১। রাজা ষোড়শ লুই-এর কবে প্রাণদণ্ড হয়?

উত্তর। ১৭৯৩ খ্রীষ্টাব্দের ২১শে জানুয়ারী ষোড়শ লুই-এর প্রাণদণ্ড হয়।

প্রশ্ন ১২। সন্ত্রাসের রাজত্বে প্রধান নেতা কে ছিলেন—তিনি কোন্ দলভুক্ত ছিলেন?

উত্তর। রোবস্পীয়ার সন্ত্রাসের রাজত্বের প্রধান স্থপতি ছিলেন। তিনি উগ্রপন্থী জ্যাকোবিন দলের নেতা ছিলেন।

প্রশ্ন ১৩। গিলোটিন কি?

উত্তর। সন্ত্রাসের রাজত্বের সময় বিপ্লব-বিরোধী ব্যক্তিদের যে যন্ত্র দ্বারা শিরোচ্ছেদের ব্যবস্থা করা হয়, তা গিলোটিন নামে পরিচিত।

প্রশ্ন ১৪। নেপোলিয়ন কখন ফ্রান্সের শাসনভার গ্রহণ করেন?

উত্তর। ১৭৯৯ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে নেপোলিয়ন সামরিক শক্তির সাহায্যে ফ্রান্সের শাসনভার গ্রহণ করেন।

প্রশ্ন ১৫। ট্রাফালগারের যুদ্ধ কবে কাদের মধ্যে হয়েছিল?

উত্তর। ১৮০৫ খ্রীষ্টাব্দের অক্টোবর মাসে ট্রাফালগারের যুদ্ধে ব্রিটিশ নৌ-সেনাপতি নেলসন ফ্রান্স ও স্পেনের এক যুগ্ম নৌ-বাহিনীকে শোচনীয়ভাবে পরাজিত করেন।

প্রশ্ন ১৬। টিলসিটের সন্ধি কবে কাহাদের মধ্যে সম্পাদিত হয়?

উত্তর। ১৮০৭ খ্রীষ্টাব্দে নেপোলিয়ন ও রুশসম্রাট জার আলেকজান্ডারের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

প্রশ্ন ১৭। “মহাদেশীয় প্রথা” কাহাকে বলা হইত?

উত্তর। ফ্রান্সের চিরশত্রু ইংল্যান্ডের বৈদেশিক বাণিজ্য পঙ্গু করবার জন্য নেপোলিয়ন ১৮০৬ থেকে ১৮১০ খ্রীষ্টাব্দের মধ্যে যে অর্থনৈতিক অবরোধ নীতি গ্রহণ করেছিলেন, তা মহাদেশীয় প্রথা (Continental system) নামে পরিচিত। এই মহাদেশীয় প্রথা বলবৎ করতে গিয়ে নেপোলিয়ন ইওরোপের বিভিন্ন দেশের সঙ্গে বিরোধে লিপ্ত হন এবং ফলে ফ্রান্স অপ্রিয় হয়ে ওঠে।

প্রশ্ন ১৮। জাতিসমূহের যুদ্ধ কোথায় ও কার বিরুদ্ধে হয়েছিল?

উত্তর। নেপোলিয়ন রুশ অভিযানে ব্যর্থতার পর পতনের দিকে দ্রুত ধাবমান হন। নেপোলিয়নের অপরাজেয় শক্তি সম্বন্ধে যে মোহ সৃষ্টি হয়েছিল তা বিনষ্ট হয়। ইওরোপের রাষ্ট্রসমূহ জোটবদ্ধ হয়ে নেপোলিয়নের বিরুদ্ধে শেষ আঘাত হানতে প্রস্তুত হলেন। এইভাবে নেপোলিয়নের বিরুদ্ধে সমগ্র ইওরোপীয় শক্তিজোটের লড়াই “জাতিসমূহের মুক্তি যুদ্ধ” (Battle of the Nations; ১৮৮৩ খ্রীঃ) নামে পরিচিত। লাইপজিগের যুদ্ধকে (১৮১৩ খ্রীঃ, অক্টোবর)-জাতিসমূহের যুদ্ধ বলা হয়।

প্রশ্ন ১৯। উপদ্বীপের যুদ্ধ কি?

উত্তর। ১৮০৮ খ্রীষ্টাব্দে পর্তুগাল ও স্পেনে নেপোলিয়নের বিরুদ্ধে যে গণঅভ্যুত্থান দেখা দেয়, উহাই উপদ্বীপের যুদ্ধ নামে পরিচিত।

প্রশ্ন ২০। ওয়াটার্লুর যুদ্ধ কখন হয়? নেপোলিয়ন কাহার নিকট পরাজিত হন?

উত্তর। ১৮ই জুন, ১৮১৫ খ্রীষ্টাব্দে ওয়াটার্লুর যুদ্ধে নেপোলিয়ন ওয়েলিংটন ও বুকারের সম্মিলিত বাহিনীর নিকট পরাজিত হন।

প্রশ্ন ২১। প্রথম নেপোলিয়ন কখন সিংহাসনচ্যুত হয়েছিলেন?

উত্তর। ১৮১৪ খ্রীষ্টাব্দে মিত্রপক্ষের বাহিনী প্যারিসে প্রবেশ করবার পর ৬ই এপ্রিল নেপোলিয়ন সিংহাসন ত্যাগ করে মিত্রপক্ষের সঙ্গে ‘ফটেনব্ল্যু’র সন্ধি করেন।

প্রশ্ন ২২। ফরাসী-বিপ্লবের তিনটি আদর্শ কি?

উত্তর। ফরাসী-বিপ্লবের তিনটি মৌল আদর্শ হল সাম্য, মৈত্রী ও স্বাধীনতা।